

# কালের কণ্ঠ

www.kalerkantho.com

দৈনিক কালের কণ্ঠ, ২০১৮-০১-১৯, পৃষ্ঠা- ০২



শিক্ষার্থীকে গোষ্ঠ মেডেল পরিবেশে দিচ্ছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ।

ছবি : কালের কণ্ঠ



## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে শিক্ষামন্ত্রী দেশপ্রেমিক ও দায়িত্বশীল মানুষ গড়ার তাগিদ

নিজস্ব প্রতিবেদক ▷

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, সমাজের একটি বৃহৎ অংশ উচ্চশিক্ষা থেকে বঞ্চিত। তাদের মাঝে উচ্চশিক্ষার আলো ছড়িয়ে দিয়ে জ্ঞানভিত্তিক সমাজ ও দেশপ্রেমিক মানুষ গড়তে সরকারের পাশাপাশি বেসরকারি উদ্যোক্তা ও জনদরদি মানুষদের এগিয়ে আসতে হবে। শিক্ষাপ্রতিষ্ঠান যারা গড়ে তুলছেন তাঁদের লক্ষ্য হতে হবে সমাজসেবা, শিক্ষাকে পণ্য করে মূনাফা অর্জনের জন্য নয়।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর আফতাবনগারে ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির সপ্তদশ সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

অনুষ্ঠানে আরো বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের সভাপতি ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এম এম শহিদুল হাসান। সমাবর্তন বক্তা ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান। তিনি বলেন, বর্তমানে সারা বিশ্বে মানবিক মূল্যবোধের অবনতি ঘটছে। তাই তরুণদের একাডেমিক ও পেশাগত অর্জনের বাইরেও সহিষ্ণু সমাজব্যবস্থা এবং দেশ গঠনের জন্য দায়িত্বশীল মানুষ হতে হবে। বেসরকারি বিশ্ববিদ্যালয় আইনের সব শর্ত পূরণ করে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় স্থায়ী সনদ অর্জন করায় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অভিনন্দন ও জানান শিক্ষামন্ত্রী। এবারের সমাবর্তনে আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামের এক হাজার ৮৪০ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়।